রঘুনাথগঞ্জ শাখায়

মাত্র ৭৫৲ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম

ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের

বিশেষ কনশেসন

ধনরাজ পিপাড়া

রঘুনাথগঞ্জ (সদরঘাট), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৩শে কার্ত্তিক বুধবার, ১৩৭৩ ইং 9th Nov. 1966 { ২৫শ সংখ্যা।



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. S.

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা

কেরোসিন কুকার

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

খেলা ঘর

স্কুল কলেজের নানাপ্রকার খেলাধুলার সরঞ্জাম, সর্ব্বপ্রকার প্রসাধন সামগ্রী ও চা বিস্কুট পাইবেন।

পরীক্ষা প্রার্থনীয়।

কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর

রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ

স্টুডেন্টস ফেক্টারি

স্কুল, কলেজ ও পাঠাগারের

মনের মত ভাল বই

সবচেয়ে সুবিধায় কিনুন।

STUDENTS' FAVOURITE

Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

২৩শে কার্ত্তিক বুধবার সন ১৩৭৩ সাল।

# হিন্দুর মাতৃমূর্ত্তি

—•—

হিন্দুর বার মাসে তের পূজা। পৃথক পৃথক মূর্ত্তিতে দেবতার আরাধনার ব্যবস্থা হিন্দুর আছে। তন্মধ্যে হিন্দু বহুবার মাতৃমূর্ত্তিতে দেবতার আরাধনা করিয়া থাকে। শরৎকালে মাকে দশভুজারূপে পূজা করিয়াছে। কয়েকদিন পরেই ধন সম্পদ-দায়িনী কমলারূপে মাকে আবাহন করিয়াছিল। আবার অমাবস্যার ঘোর তমসাচ্ছন্ন মহানিশাতে মায়ের শ্যামা-মূর্ত্তির পূজা করিবে। ভক্তের কামনা—শান্তি। যাঁহার যে বস্তু কাম্য সেই কাম্য বস্তু ও কাম্য ফল পাইবার জন্ত স্ব স্ব অভীষ্ট দেবীর পূজার ব্যবস্থা করিয়া থাকে। তন্মধ্যে দশভুজা দুর্গা ও চতুর্ভুজা শ্যামা-মূর্ত্তি রণরঙ্গিনীরূপে আবির্ভূতা হইয়া থাকেন। কামনার অন্ত নাই। এক্ষণে তন্ত্রোক্ত পদ্ধতিতে যেমন উল্লেখ আছে ভাড়াটে পূজক যজমানের হ'য়ে সেই পদ্ধতিতে পূজা করিয়া থাকেন। যজমানের অন্তরের ভাব যে কি তা পুরোহিত জানেন না। পূজায় বৃত হইয়াই পদ্ধতি অনুসারে সব স্থানেই একই পূজা করা দেখা যায়। ইহাতে আন্তরিকতা কার কতটুকু তা নির্ণীত হয় না। যজমানের কৌলিক বজায়, বাপ পিতামহের কীর্ত্তি রাখা। পুরোহিতেরও ব্যবসায় ও বৃত্তি বজায় ভিন্ন আর কিছু অধিকাংশ স্থলেই নাই বলিলেই হয়। শক্তিরূপিনী মায়ের সাধনা করিয়া শক্তি ও সিদ্ধি লাভের ইচ্ছা কয়জন ভক্তের আছে তা' যাঁহারা পূজার আয়োজন করেন তাঁহারা নিষ্কপট চিত্তে স্বীকার না করিলে ইহার স্বরূপ প্রকাশ করা সাধারণের কর্ম্ম নয়। বাহ্য দৃশ্যে আমাদের মনে হয়—সাধনার জন্ত যে পূজা অনুষ্ঠিত হইত আজ তাহা উৎসবে পরিণত হইয়াছে। মায়ের অসুরনাশিনী বরাভয়দায়িনী মূর্ত্তি আমরা দেখি বটে কিন্তু মুক্তিদায়িনীর নিকট মুক্তি কামনা করিবার অধিকার কয়জনের আছে?

আমরা বলি—মায়ের নিকট এখন অন্য কামনা করার আগে ভক্তের কামনা হওয়া উচিত—দে মা দেশে মানুষ দে।

দেশে সব আছে, নাই মানুষ। মানুষের রূপধারী কোটি জীব এদেশে আছে কিন্তু সত্যিকার মানুষ নাই বলিলেই হয়। এদেশে খাদ্যের দুর্ভিক্ষ অপেক্ষা মানুষের দুর্ভিক্ষ বেশী। দে মা মানুষ দে।

দেশে চাঁদা-মারা, ব্যাঙ্ক-মারা, গরীবের সর্ব্বস্ব মারা, বিধবার সম্পত্তি মারা, ভাইয়ের বুকে ছুরি মারা মানুষের অভাব নাই। এদেশে বন্ধু-বেশী শত্রু, ঘরসন্ধানী বিভীষণরূপী গোয়েন্দা, পক্ষপাতী বিচারক, লম্পট স্কুল মাষ্টার, চরিত্রহীন গুরু পুরোহিতের অভাব নাই। খাঁটি মানুষ খুব বিরল। প্রকৃত মানুষের অভাব বলিয়া আমাদের এ দুর্গতি। দেশভক্ত একজন হয় তো দেশদ্রোহী লক্ষ জন। তাই বলি মা অসুর-নাশিনী যদি দেশের তোর খাঁটি পূজার পুনঃ প্রতিষ্ঠা করিতে চাস্ এই সকল অসুর-প্রবৃত্তি নষ্ট কর মা—ভারতের অমর কবি ভারতচন্দ্র ভক্তিভরে একদিন তোর মূর্ত্তি আরাধনা ক'রে বলেছিলেন আর আমরাও তারই ভাষায় বল্‌ছি।

জয় দেবি জগন্ময়ি,<br>
দীন দয়াময়ি,<br>
শৈল সুতে করুণানিকরে।<br>
জয় চণ্ড বিনাশিনী<br>
মুণ্ড নিপাতিনী,<br>
দুর্গে বিঘাতিনী মোক্ষতরে।<br>
জয় কালি—কপালিনী<br>
মস্তক মালিনী<br>
খর্পরধারিণী শূল ধরে।<br>
জয় চণ্ডি দিগম্বরি<br>
ঈশ্বরি শঙ্করি<br>
কৌশিকি ভারতভীতি হরে।

———

## পুলিশের জন্য সস্তা রেশন

১৫ই নভেম্বর থেকে এই রাজ্যের কনষ্টেবল থেকে সাব-ইন্সপেক্টর পর্যন্ত সব পুলিশ কর্মী কম মূল্যে তাঁদের রেশন পাবেন। প্রতি চারজনের একটি পুলিশ পরিবারের এর দরুণ টাকার হিসাবে মাসিক ৫০ টাকার মত বেঁচে যাবে। এজন্য রাজ্য সরকারের অতিরিক্ত ব্যয় হবে বাৎসরিক ১ কোটি টাকা। পুলিশ কর্মীদের জন্য রেশনের প্রতি কিলোর ধার্য মূল্য: চাল—৫০ পঃ, গম—২৫ পঃ, চিনি—৭০ পঃ, ডাল—৮০ পঃ এবং সরিষার তেল—২ টাকা। এই ব্যবস্থার দ্বারা ৫৯ হাজার পুলিশ কর্মী উপকৃত হবেন।

———

## সরকারী কর্মচারীদের কর্মবিরতি গরহাজির বলে গণ্য হবে

পশ্চিমবঙ্গ সরকার সরকারী কর্মচারীদের চাকুরীর বিধি সংশোধন করেছেন। সংশোধিত বিধি হচ্ছে "কর্মবিরতি বা কাজে অস্বীকৃতি, ছুটি না নিয়ে গরহাজির বলে গণ্য করা হবে।"

রাজ্য অর্থ দপ্তরের কমিশনার শ্রী জে, এল, কুণ্ডু এই সম্পর্কে একটি সারকুলার জারি করেছেন। এতে বলা হয়েছে, চাকুরি বিধির প্রথম অংশের ৩এ ধারার পর নিম্নলিখিতরূপ সংশোধন করা হচ্ছে: বর্তমানে প্রচলিত বিধির অন্যত্র যাই থাকুক না কেন, যদি কোন সরকারী কর্মচারী কর্মস্থলে উপস্থিত থেকেও বিনা অনুমতিতে যে কোন দিন কাজের জন্য নির্দিষ্ট সময়ের যে কোন সময় কাজে বিরত থাকেন, তাহলে তিনি ওই দিন ছুটি না নিয়ে অনুপস্থিত থেকেছেন বলে গণ্য করা হবে। তিনি ওই দিন কোন বেতন বা ভাতা পাওয়ার অধিকারী হবেন না। ভারতের সংবিধানের ৩০৯ ধারা অনুসারে এই নতুন সংশোধন সন্নিবিষ্ট করা হয়েছে। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী সমিতি সমূহের সমন্বয় কমিটি সম্প্রতি ঘোষণা করেছেন যে, ৯ই ডিসেম্বর সরকারী কর্মচারীদের বেলা ১২টা থেকে ২টা পর্যন্ত কর্মবিরতি পালন করবেন। কর্মচারীদের দাবিদাওয়া সম্পর্কে সরকারী মনোভাবের প্রতিবাদেই এই কর্মসূচী নেওয়া হয়েছে।

## হুকুম চেয়ারম্যান বাহাদুরের

—•—

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীতে বহুদিন ধরিয়া গো-গাড়ী, ঘোড়া ও রিক্সার ট্যাক্স আদায় করবার জন্য চারিজন আদায়কারী নিযুক্ত আছেন। ইঁহারা পালাক্রমে রঘুনাথগঞ্জের পারে দুইজন ও জঙ্গিপুরের পারে দুইজন কার্য্য করিয়া থাকেন। বর্ত্তমান চেয়ারম্যানের আমলে আর একজন আদায়কারী বাহাল হইয়াছেন। পূর্ব্বের চারিজনের প্রতে কের ২৫ টাকা হিসাবে জমানৎ আছে। নূতন লোকের জমানৎ আছে ১০ টাকা। এই সব আদায়কারীদের বেতন নাই—নির্দ্ধারিত হারে কমিশন পাইয়া থাকেন। গত ৭ই নভেম্বর সোমবার চেয়ারম্যান বাহাদুরের হুকুমে পূর্ব্ববর্ত্তী চারিজন আদায়কারীকে আদায়ের জন্য নূতন টিকট দেওয়া বন্ধ হইয়াছে। এক কলমের খোঁচায় চারিজন দুঃস্থ-কর্ম্মী বেকার হইতে চলিয়াছে।

## দুর্গাপুর শিল্পাঞ্চলের জন্য আলাদা মহকুমা

—০—

দুর্গাপুর, ৬ই নভেম্বর—দুর্গাপুর শিল্পাঞ্চলের জন্য আলাদা একটি মহকুমা গঠন করা হচ্ছে বলে সরকারী সূত্রে জানা গিয়াছে। এই আলাদা মহকুমা গঠনের প্রস্তাব রাজ্য সরকারের অনুমোদন লাভ করেছে বলেও জানা গিয়েছে। এই মহকুমা গঠনের প্রাথমিক ব্যবস্থা হিসাবে এই মাসের মধ্যেই এখানে একটি সাব-ট্রেজারি চালু করা হবে এবং সেজন্য একজন অফিসারকে এখানে পাঠান হচ্ছে।

বর্ত্তমানে দুর্গাপুর আসানসোল মহকুমার অধীন থাকায় স্থানীয় কর্ত্তৃপক্ষকে রোজই আসানসোলে যথেষ্ট ছুটাছুটি করার দুর্ভোগ পোহাতে হচ্ছে। আরও জানা গিয়েছে, দুর্গাপুর ইস্পাত প্রকল্পের কর্তৃপক্ষ এই উদ্দেশ্যে তাঁদের পুরাতন অ্যাড-মিনিষ্ট্রেটিভ অফিসের কতকাংশ রাজ্য সরকারকে দিতে সম্মত হয়েছেন।

## বি-এ অনার্স

এই বৎসর জঙ্গিপুর মহাবিদ্যালয় হইতে ইতিহাসে তিনজন অনার্স পাইয়াছে। নিম্নে তাহাদের নাম মুদ্রিত হইল।

(১) রঘুনাথগঞ্জের লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক শ্রীগৌরীপতি চট্টোপাধ্যায় মহাশয়ের দ্বিতীয়া কন্যা কুমারী শিপ্রা চট্টোপাধ্যায়।

(২) বালিঘাটার শ্রীশৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায় মহাশয়ের পুত্র শ্রীতপনকুমার মুখোপাধ্যায়।

(৩) জঙ্গিপুরের শ্রীসুকুমার সরকার।

## গো-গাড়ীর বলদ জখম

গত ৩১শে অক্টোবর সন্ধ্যা আনুমানিক ৭টা হইতে ৭-৪৫ ঘটিকার সময় রঘুনাথগঞ্জ নিবাসী শ্রীবিশ্বেশ্বর চক্রবর্ত্তী মহাশয়ের গো-গাড়ীর ডান-দিকের বলদটীর পিছনের পা—মুর্শিদাবাদ কো-অপারেটিভ (ফরাক্কা রাধারঘাট) বাস কর্ত্তৃক গুরুতররূপে জখম হইয়াছে। বলদটির জীবন বিপন্ন। শ্রীচক্রবর্ত্তী মহাশয়কে পূজাবকাশের পর রঘুনাথগঞ্জ পৌঁছাইয়া উক্ত গাড়ী বেদড়া ফিরিয়া যাইবার পথে নূতন হাসপাতালের তেমাথা মোড় হইতে খড়খড়ি সাঁকোর মধ্যবর্ত্তী স্থলে এই দুর্ঘটনা ঘটে। এই ধরণের দুর্ঘটনা প্রায়ই ঘটিতেছে। এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## সাধারণের জ্ঞাতব্য

সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে সাগরদীঘি থানার অন্তর্গত খৈরাটী গ্রামের শ্রীপ্রহ্লাদ মালের মস্তিষ্ক বিকৃত হওয়ায় কয়েকজন স্বার্থান্বেষী ব্যক্তি তাহার সম্পত্তি বিক্রয়কবালা বা দানপত্র গ্রহণের সুযোগে আছে। উক্ত প্রহ্লাদ মালের বিবেক বুদ্ধি সম্পূর্ণ লোপ পাইয়াছে এই সুযোগে কেহ তাহার নিকট কোনপ্রকার দলিল সম্পাদন করাইয়া লইলে তাহার পুত্রদ্বয় ও কন্যাত্রয় বাধ্য থাকিবে না। ইতি—৭।১১।৬৬

শ্রীকাশীনাথ মাল, পিতা শ্রীপ্রহ্লাদ মাল
সাং ও পোঃ খৈরাটী, (মুর্শিদাবাদ)

## জমি বিক্রয়

রঘুনাথগঞ্জ শহরে নূতন মহকুমা হাসপাতালের উত্তর দিকে উত্তর ও পশ্চিমে মিউনিসিপ্যালিটীর পাকা রাস্তা সংলগ্ন পূর্ব্ব ও পশ্চিমে প্রায় ১০ ফুট রাস্তা বাদে গৃহ নির্ম্মাণোপযোগী ২/৩ কাঠা প্লট হিসাবে জমি বিক্রয় হইতেছে। নিম্নে খোঁজ করুন।

শ্রীদিগম্বর চট্টোপাধ্যায়
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ২১শে নভেম্বর, ১৯৬৬

১৯৬৬ সালের ডিক্রীজারী

১৩ মনি ডিঃ জগৎকিশোর বিশ্বাস দিং দেং ইমাজুদ্দিন সেথ দাবি ১১৯৬'২৫ পয়সা থানা সুতি মৌজে পুড়াপাড়া ১৮ শতকের কাত ২।/৩ আঃ ৫০৲ খং ১২৩১/১ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ১৮ শতকের কাত ৬২ পয়সা আঃ ৪০৲ খং ৮৭৮ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ২৮ শতকের কাত ১'৪২ পয়সা আঃ ৫০৲ খং ৩২৫৭ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ১৫ শতকের কাত ৩৪ পয়সা আঃ ১৫৲ খং ১২৮৩ ঐ স্বত্ব ৫নং লাট মৌজাদি ঐ ৬ শতকের কাত ।০ আনা আঃ ২০৲ খং ৩৫০৬ ঐ স্বত্ব ৬নং লাট থানা ঐ মৌজা চাঁইপাড়া ২৫ শতকের কাত ৪৯ পয়সা আঃ ২০০৲ খং ২৯৫ ঐ স্বত্ব ৭নং লাট থানা ঐ মৌজে পুড়াপাড়া ৭৬ শতকের কাত ২॥৶৬ আঃ ২০০৲ খং ১৮৫৭ ঐ স্বত্ব ৮নং লাট মৌজাদি ঐ ২৭ শতকের কাত ৸/৬ আঃ ২০০৲ খং ১২৬৮ ঐ স্বত্ব

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২১শে নভেম্বর, ১৯৬৬

১৯৬৬ সালের ডিক্রীজারী

১ মনি ডিঃ ত্রিপুরেশ্বর দত্ত এণ্ড ব্রাদার্স দেং আবদুল হাকিম মৃতাস্তে ওয়ারিশ একার হোসেন দিং দাবি ১৫৬৭'৪৭ পয়সা থানা সাগরদীঘি মৌজে দক্ষিণগ্রাম খং নং ২৩৩ এ ৮৩ শতক, ২৬৭ এ ৫৬ শতক, ১২৭ এ ৫০ শতক মোট জমি ১'৯২ শতক আঃ ১৫০০৲ রায়ত স্থিতিবান স্বত্ব





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের
**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্রান্ত ঔষধালয়ে পাইবেন।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।
এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

**আর. পি. ওয়াচ কোং**

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**
**পামারি**
চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
পণ্ডিত-প্রেসে পাইবেন।


---


**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।
বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।
বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন
ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।
শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)